

জনকণ্ঠ পত্রিকার সম্পাদক মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদের মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক
খুলনা, ২২ মার্চঃ

দৈনিক জনকণ্ঠ পত্রিকার সম্পাদক ও প্রকাশক মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদের মৃত্যুতে
গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান,
এমপি।

এক শোকবার্তায় শ্রম প্রতিমন্ত্রী বলেন, সাংবাদিকতার ক্ষেত্রে মোহাম্মদ আতিকউল্লাহ খান
মাসুদের নীতি ও আদর্শ অনুসরণীয় দৃষ্টান্ত। তাঁর অবদানে তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

প্রতিমন্ত্রী মরহমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের
প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

মো: আকতারুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

০১৭১৮৮৫১৮৫১